কর্ম-পদ্ধতি নোট

স্বেচ্ছায় অবগত সম্মতি প্রদান

যেকোনো গবেষণা বা তথ্য সংগ্রহের কার্যকলাপের জন্য

ভূমিকা

কোনো গবেষণা বা তথ্য সংগ্রহের কার্যকলাপ শুরু করার আগে অংশগ্রহণকারীরা যাতে স্বেচ্ছায়, অবগত সম্মতি প্রদান করেন তা নিশ্চিত করা গুরুত্বপূর্ণ। এটি একটি ফর্মে স্বাক্ষর করার মাধ্যমে বা মৌখিকভাবে তারা অংশগ্রহণের প্রক্রিয়া বুঝেছেন এবং তথ্য সংগ্রহের কার্যকলাপে অংশ নিতে সম্মতি দিচ্ছেন সেটা জানানোর মাধ্যমে করা যেতে পারে।

অংশগ্রহণকারীদের যা জানানো হয়েছে সেটা তারা ভালোভাবে বুঝতে পেরেছেন কিনা তা নিশ্চিত করা গুরুত্বপূর্ণ, তাই আপনি যখন তাদের কোনো ফর্ম পড়তে বলবেন বা অন্য কেউ তাদের তথ্য পড়ে শোনাবেন, তখন মাঝে মাঝে প্রশ্ন জিজ্ঞাসা করে তারা বুঝতে পারছেন কিনা যাচাই করে নেওয়া ভালো, যাতে তারা বিষয়বস্তু ভালোভাবে অনুধাবন করেছেন তা নিশ্চিত করা যায়।

নিম্নলিখিত তথ্য এবং নীতিগুলোর জন্য ব্যবহৃত ভাষা আপনাদের স্থানীয় গবেষণা দলকে দিয়ে পর্যালোচনা করানো উচিত, যাতে সেগুলো আপনাদের উদ্দিষ্ট শ্রোতাদের জন্য প্রাসঙ্গিক এবং উপযুক্ত তা নিশ্চিত করা যায়।

আপনার কোন বিষয়গুলো বিবেচনা করা উচিত?

- উত্তরদাতার বয়স
- তারা যে ভাষায় কথা বলেন
- তাদের সম্মতি দানের প্রক্রিয়া বোঝানোর জন্য কোনো অন্য কোন পদ্ধতি অবলম্বনের প্রয়োজন আছে কিনা, যেমন সেটা অনুবাদ করা, পড়ে শোনানো, ইশারা ভাষায় বলা ইত্যাদির প্রয়োজন আছে কিনা।
- তারা নিজে অবগত সম্মতি দিতে সক্ষম কিনা, বা সেটি করার জন্য একজন অভিভাবক বা যত্নকারীর প্রয়োজন রয়েছে কিনা
- গবেষণার কার্যকলাপে অংশগ্রহণ করা এবং সম্মতি দেওয়া তাদের জন্য নিরাপদ কিনা
- আপনি তাদের নির্দিষ্টভাবে কিসের জন্য সম্মতি দিতে বলছেন? তারা যে তথ্য প্রদান করছেন তা যদি মূল উদ্দেশ্যের বাইরে অন্য কোনো উপায়ে ব্যবহার বা শেয়ার করার সম্ভাবনা থাকে, তাহলে তাদের সেটা জানানো এবং তারা সেটা বুঝতে পেরেছেন তা নিশ্চিত করা গুরুত্বপূর্ণ।

যাতে কিছু বাদ না পড়ে তা নিশ্চিত করার জন্য সম্মতি গ্রহণের প্রক্রিয়ার সম্পূর্ণ স্ক্রিপ্ট লিখে প্রস্তুত করা এবং জোরে জোরে পড়ে শোনানো গুরুত্বপূর্ণ।

স্বেচ্ছায় অবগত সম্মতি দিতে বলার সময় মূল যে বিষয়গুলো অন্তর্ভুক্ত করতে হবে।	
1.	গবেষক / তথ্য সংগ্রহকারীদের নাম এবং যে প্রতিষ্ঠান তথ্য সংগ্রহের কার্যকলাপ পরিচালনা করছে তার নাম
2.	গবেষণার উদ্দেশ্য - আপনারা কেন এটা করছেন?
3.	অংশগ্রহণের জন্য কী করতে হবে এবং কেন তাদের অংশগ্রহণ করতে বলা হয়েছে
4.	অংশগ্রহণের সুবিধা এবং ঝুঁকিসমূহ
5.	যেকোনো সময় অংশগ্রহণ থেকে প্রত্যাহার করার অধিকার
6.	তাদের অংশগ্রহণের জন্য যে খরচ প্রদান করা হবে (পরিবহন, শিশুদের দেখাশোনা, ডেটার জন্য খরচ ইত্যাদি)
7.	কীভাবে তথ্য ব্যবহার করা হবে
8.	কীভাবে তথ্য গোপন রাখা হবে
9.	গবেষণাটি নিয়ে কী করা হবে - এটি জনসাধারণের জন্য প্রকাশ এবং ইন্টারনেটে শেয়ার করা হবে কিনা, এবং যদি করা হয় তবে অন্য কোনো পক্ষ অন্য কোনো উদ্দেশ্যে সেটা শেয়ার বা প্রকাশ করার সম্ভাবনা রয়েছে কিনা।
10.	গবেষণার ফলাফল কীভাবে তাদের জানানো হবে
11.	তথ্য সংগ্রহের কার্যকলাপের সাথে সম্পর্কিত কোনো বিষয় নিয়ে তাদের অসন্তোষ বা উদ্বেগ থাকলে, তারা কীভাবে অভিযোগ করতে পারেন তার বিশদ বিবরণ